**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/1/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# বড় ধরনের দুর্যোগের ঘোষণার সংশোধনী অনুমোদিত হওয়ার পরে রকল্যান্ড কাউন্টিতে দুর্যোগ পুনরুদ্ধার কেন্দ্র চালু হয়েছে বলে গভর্নর হোচুলের ঘোষণা

***রকল্যান্ড কাউন্টির যেসব নিউ ইয়র্কবাসী ব্যক্তিগত সহায়তা পাওয়ার যোগ্যতা রাখেন তারা এই দুর্যোগ পুনরুদ্ধার কেন্দ্রে সরাসরি উপস্থিত হয়ে স্টেট ও ফেডারেল পর্যায়ের সংস্থানসমূহ অ্যাক্সেস করতে পারবেন***

***বাসিন্দারা সরাসরি DRC-এর FEMA ও SBA প্রতিনিধিদের কাছ থেকে নির্দেশনা গ্রহণ করতে পারবেন; এছাড়াও কর্মসূচি ও পরিষেবা অ্যাক্সেসের জন্য স্টেট পর্যায়ের সংস্থাগুলো অনসাইটে থাকবে***

গভর্নর ক্যাথি হোচুল আজ রকল্যান্ড কাউন্টিতে একটি নতুন দুর্যোগ পুনরুদ্ধার কেন্দ্র খোলার ঘোষণা দিয়েছেন যেটি ঘূর্ণিঝড় আইডার অবশিষ্টাংশের কারণে হওয়া ঝড় ও বন্যার দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য তথ্য, সহায়তা ও সাহায্য প্রদান করবে। এই নতুন সশরীরে উপস্থিত হওয়ার জায়গায় FEMA ও যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন থেকে দুর্যোগ থেকে পুনরুদ্ধার বিষয়ক বিশেষজ্ঞরা উপস্থিত থাকবেন যারা 5 সেপ্টেম্বর 2021 তারিখে প্রেসিডেন্ট বাইডেনের স্বাক্ষরকৃত বড় ধরনের দুর্যোগের ঘোষণার পরে বাড়ির মালিক, ভাড়াটিয়া ও ব্যবসা প্রতিষ্ঠানের মালিকরা যোগ্য বিবেচিত হতে পারেন এমন ফেডারেল সহায়তার ধরনগুলো সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে পারবেন এবং তথ্য প্রদান করতে পারবেন।

"রকল্যান্ড কাউন্টিতে ঘূর্ণিঝড় আইডা দ্বারা বেশি ক্ষতিগ্রস্ত হওয়া এলাকাগুলোর মধ্যে অন্যতম, এবং আরেকটি দুর্যোগ পুনরুদ্ধার কেন্দ্র চালু করাটা সাহায্যের প্রয়োজন থাকা বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য সাহায্যের ব্যবস্থা করবে," **বলেছেন গভর্নর হোচুল**। "সর্বাধিক ক্ষতিগ্রস্ত হওয়া পরিবারগুলোর কাছে আমাদের তথ্য ও সংস্থানসমূহ পৌঁছে দেয়ার সুযোগ করে দিতে স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) এর সাথে সহযোগী হয়ে কাজ করার প্রচেষ্টার জন্য আমি FEMA প্রশাসক ডিয়েন ক্রিসওয়েল ও তার টিমকে ধন্যবাদ জানাই।"

সম্প্রতি রকল্যান্ড কাউন্টি ব্যক্তিগত ও সাধারণ সহায়তা উভয়টির জন্য বড় ধরনের দুর্যোগের ঘোষণায় সংযোজিত হওয়ার জন্য অনুমোদিত হয়েছে। আইডা দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া নাগরিকদেরকে পুনরুদ্ধারের ক্ষেত্রে সাহায্য করার জন্য পাওয়া যেতে পারে এমন স্টেট পর্যায়ের কর্মসূচি বা পরিষেবাসমূহের সাথে সংযোগ করিয়ে দেয়ার জন্য স্টেট পর্যায়ের

সংস্থাগুলো যেমন অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health), আর্থিক পরিষেবা বিভাগ (Department of Financial Services), শ্রম বিভাগ (Department of Labor), ও যানবাহন বিভাগের (Department of Motor Vehicles) কর্মীরা DRC-তে উপস্থিত থাকবেন।

**রকল্যান্ড কাউন্টির এক্সিকিউটিভ এড ডে বলেন,** "দুর্যোগকালীন সহায়তার জন্য আবেদন করতে সাহায্যের প্রয়োজন রয়েছে এবং ঘূর্ণিঝড় আইডার কারণে ক্ষয়ক্ষতি ও লোকসানের শিকার হয়েছেন এমন বাসিন্দাদের যথাশীঘ্র সম্ভব DRC-তে ভিজিট করতে আমরা উৎসাহিত করছি। এই সুবিধাজনক জায়গার ব্যবস্থা করতে সাহায্য করায় আমি FEMA, নিউ ইয়র্ক স্টেট, অরেঞ্জটাউন টাউন ও অরেঞ্জটাউন মেট্রো স্পোর্টস ক্লাবকে (Orangetown Metro Sports Club) ধন্যবাদ জানাই।"

রকল্যান্ড কাউন্টি DRC শুক্রবার দুপুর 1টা থেকে চালু হবে, এবং প্রতিদিন সকাল 8টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত এই ঠিকানায় খোলা থাকবে:
Orangetown Soccer Complex Building
175 Old Orangeburg Road
Orangeburg, NY 10962

দুর্যোগ পুনরুদ্ধার কেন্দ্রগুলো বর্তমানে প্রতিদিন সকাল 8টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত এই ঠিকানাগুলোতে খোলা থাকে:

- মেডগার এভার্স কলেজ (Medgar Evers College) - 231 Crown Street, Brooklyn, NY 11225
- কুইন্স কলেজ শিক্ষার্থী ইউনিয়ন (Queens College, Student Union) - 152-45 Melbourne Ave, Flushing, NY 11367
- হস্টস কমিউনিটি কলেজ (Hostos Community College) - 450 Grand Concourse, E. Building C, Bronx, NY 10451
- গ্রিন্টন আই. উইলিয়াম লাইব্রেরি (Grinton I. Will Library) - 1500 Central Park Ave, Yonkers, NY 10710
- কলেজ অব স্ট্যাটেন আইল্যান্ড (College of Staten Island), Gymnasium Building R1 - 2800 Victory Blvd., Staten Island, NY 10314
- মাইকেল জে. টুলি পার্ক শারীরিক ক্রিয়াকলাপ কেন্দ্র (Michael J. Tully Park Physical Activity Center) - 1801 Evergreen Ave, New Hyde Park, NY 11040
- রোজ কারাকাপ্পা সিনিয়র সেন্টার (Rose Caracappa Senior Center) - 739 NY-25A, Mt Sinai, NY 11768

গভর্নর হোচুল ইতোপূর্বে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন অনলাইন রিসোর্স হাব চালুর ঘোষণা দিয়েছেন, যা ny.gov/Ida ওয়েবসাইটে পাওয়া যাবে। লভ্য সহায়তা কর্মসূচি সম্পর্কে এবং কোথায় আশ্রয় ও খাবারের অ্যাক্সেসের মতো পরিষেবাগুলো পাওয়া যাবে সে সম্পর্কে এই হাব তথ্য সরবরাহ করে। নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সংস্থান উপলব্ধ হওয়ার সাথে সাথে সাইটের তথ্য হালনাগাদ করা হবে।

দূরবর্তী অঞ্চল থেকে সংস্থানসমূহ অ্যাক্সেস করতে চাচ্ছেন এমন বেঁচে ফিরে আসা মানুষেরাও FEMA অ্যাপ ব্যবহার করে, অনলাইনে www.disasterassistance.gov ওয়েবসাইটে গিয়ে অথবা 800-621-3362 নম্বরে ফোন করে FEMA-র সাথে নিবন্ধন করতে পারবেন। বাক অক্ষমতায় আক্রান্ত বা শ্রবণশক্তি হারিয়েছেন এবং TTY ব্যবহার করেন এমন ব্যক্তিদের সরাসরি 800-462-7585 নম্বরে ফোন করা উচিত। যারা 711 বা ভিডিও রিলে পরিষেবা (Video Relay Service) ব্যবহার করেন তারা 800-621-3362 নম্বরে ফোন করতে পারেন। টোল-মুক্ত নম্বরগুলো পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সপ্তাহে সাত দিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত (স্থানীয় সময়) চালু থাকবে। অপারেটররা বহু ভাষায় কথা বলতে পারেন। যারা ভিডিওফোন (videophone), ইনো-ক্যাপশন (InnoCaption) বা ক্যাপটেল (CapTel) এর মতো রিলে পরিষেবা ব্যবহার করেন তারা সেই পরিষেবার জন্য বরাদ্দকৃত তাদের সুনির্দিষ্ট নম্বর সম্পর্কে FEMA-কে আপডেট করা উচিত। যদি আপনার ভাষা বা অক্ষমতা সংক্রান্ত বিষয়ে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে অপারেটরকে জানান।

আরো অনলাইন রিসোর্সের পাশাপাশি FEMA থেকে ডাউনলোডযোগ্য পুস্তিকা ও অন্যান্য সাহায্য পেতে www.disasterassistance.gov ওয়েবসাইটে যান এবং "তথ্য (information)" অপশনে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন